চ) ‘এই উপন্যাস তাই নিতান্ত একটা আত্মবিস্ফোরণ’ — মন্তব্যটির আলোকে ‘আত্মবিস্ফোরণ’ কীভাবে ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসে এসেছে তা দেখাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের ভাষাশৈলী বিচার করো।

খ) ‘ইছামতী’ উপন্যাসে বিভূতিভূষণের নিসর্গমগ্নতার যে ছবি পাওয়া যায় তা বুঝিয়ে দাও।

গ) ‘আলকাপ শুধু নামে বেঁচে আছে’ — দ্বিতীয় সংস্করণে ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসে লেখকের এই মন্তব্যটি কতটা যুক্তিযুক্ত বলে তোমার মনে হয়?

ঘ) ‘ইছামতী’ উপন্যাস নদীকেন্দ্রিক উপন্যাস হিসেবে আদৌ সফল হয়েছে কিনা দেখাও।

---





# ২০২২
# বাংলা
## (অনার্স)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## পঞ্চম সেমেস্টার
## কোর্স কোড : BNGH-CC-T-11
## (বাংলা উপন্যাস)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) “সেই সব ইতিহাস আমাদের আসল জাতীয় ইতিহাস। মূক জনগণের ইতিহাস, রাজা-রাজরাদের বিজয় কাহিনী নয়।” — ‘জাতীয় ইতিহাস’ বলতে কী বোঝানো হয়েছে? এটি কোন উপন্যাসের অংশ?

খ) ‘ধন্য রাজা সীতারাম বাংলা বাহাদুর...’—কার সংলাপে এই ছড়ার প্রসঙ্গ এসেছে? দীনু বুড়ি কে?

গ) শাম বাগদীর বড় মেয়ের নাম কী? ‘ধুকড়ির মধ্যে খাসা চাল’—কে কার সম্পর্কে বলেছে?

[পরপৃষ্ঠায়]

ঘ) 'নীল মোরা আর বোনবো না সাহেব/মোদের মেরেই ফেলুন আর যে সাজাই দ্যান/' — কে কাকে একথা বলেছে?

ঙ) 'যদিও সবগুলো ঘাটের চেয়ে তীরতরুশ্রেণী এখানে বেশি নিবিড়' — কোন ঘাটের কথা বলা হয়েছে? দুটি 'নাইবার ঘাটে'-র নাম বলো।

চ) 'অন্ধকারেই পরাণপাখি সেই দ্যাশেতে যায় রে' — কে কোথায় এই ছড়া কেটেছিল?

ছ) 'কি অন্যায় আমি করলাম রে? আজ মাতব্বর হয়েছিস...' —কে কাকে একথা বলেছে?

জ) ''ঝড় এসেছে। পে-ল-য় ঝড় আসছে, 'সাকোলন' 'সাইকোলন' — কলকাতা থেকে চন্নুনপুরের ইস্টিশনে তার এসেছে।'' — কে বলেছে? বক্তার পোষাকের বর্ণনা দাও।

ঝ) '১৩৫০ - ইংরিজি ১৯৪৩ সালের বন্যা' — কোন কোন নদীর বন্যার কথা বলা হয়েছে? সাহেবডাঙার জমিগুলির কী পরিণতি হয়েছিল?

ঞ) 'বেশ মজবুত মুনিষ/লম্বা ঢঙের চেহারা — লম্বা ঢঙের ইস্পাতে গড়া মানুষ।'

— কার কথা বলা হয়েছে? তার আনুমানিক বয়স কত?

ট) 'আলকাপ' কথাটির 'প্রকৃত অর্থ' লেখক কী করেছেন? আলকাপের পরিবর্তিত রূপ কোনটি?

ঠ) 'আমাকে বাঁচাবে না সোনাদা?' — কে বলেছে? সোনাদা কে?



ড) 'যেন হাত বাড়িঞি ধরি রেখেছেন 'নাট্যখানা!' — কে ধরে রেখেছেন? 'নাট্যখানা' বলতে কী বোঝানো হয়েছে?

ঢ) কাদের আলির ডাক নাম কী? সে কী বাজাত?

ণ) কালা বাউরি কে? 'ছ্যাচোড়দল' বলতে কী বোঝানো হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে 'অপভ্রংশ ভাষা'-র প্রয়োগ বিষয়ে আলোকপাত করো।

খ) 'উপকথার কোপাইকে ইতিহাসের গঙ্গায় মিশিয়ে দেবার পথ কাটছে। নতুন হাঁসুলী বাঁক।'

— 'নতুন হাঁসুলী বাঁক' — প্রসঙ্গটি বিশ্লেষণ করো।

গ) ভবানী বাঁড়ুয্যে চরিত্রটির প্রাসঙ্গিকতা বিচার করো।

ঘ) 'ভগবানের একটি অপূর্ব শিল্প এর দুই তীর...'

— দুই তীর 'অপূর্ব শিল্প' কীভাবে একাকার হয়ে গেছে আলোচনা করো।

ঙ) 'আমার এ প্রথমো গান

তোমারে শোনাব বলে....'

— 'প্রথমো গান' বলা হয়েছে কেন? বিষয়টি বিশ্লেষণ করো।